
# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

| | |
|---|---|
| জন্ম ও পরিচয় | • জন্ম- ১৭ মার্চ, ১৯২০ (ফরিদপুরের গোপালগঞ্জের টুঙ্গিপাড়া গ্রামে)।<br>• বঙ্গবন্ধুর গ্রাম 'টুঙ্গিপাড়া' অবস্থিত- বাইগার নদীর তীরে।<br>• গোপালগঞ্জ জেলা অবস্থিত- মধুমতি নদীর তীরে।<br>• তাঁর পিতার নাম- শেখ লুৎফর রহমান।<br>• তাঁর মাতার নাম- সায়েরা খাতুন।<br> পিতা-মাতা ও স্ত্রী ফজিলাতুন্নেছার সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। |
| শিক্ষা জীবন | • ১৯৪৭ সালে কলকাতা ইসলামিয়া কলেজ থেকে বি. এ. পাশ করার পর ভর্তি হন- ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগে।<br>• বঙ্গবন্ধু বেকার হোস্টেলে থাকতেন- ২৪নং কক্ষে।<br>• তাঁর স্মৃতি স্মরণার্থে বর্তমানে বেকার হোস্টেলের **২৩নং** কক্ষকে গ্রন্থাকার এবং **২৪নং কক্ষকে** মিউজিয়াম বানানো হয়েছে।<br>• ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিনি **সলিমুল্লাহ মুসলিম হলের ছাত্র** ছিলেন এবং তাঁর বিশ্ববিদ্যালয়ে **রোল নং ছিল ১৬৬**।<br>• **ঢাবি থেকে ছাত্রত্ব ফিরে পান**- ২০১০ সালে (মরণোত্তর)। |
| রাজনৈতিক জীবন | <u>যুক্তফ্রন্ট নির্বাচনে অংশগ্রহণ</u><br>• যুক্তফ্রন্টের বর্ধিত মন্ত্রীসভায় বঙ্গবন্ধু সর্ব কনিষ্ঠতম মন্ত্রী হিসেবে 'কৃষি-সমবায় ও পল্লী উন্নয়ন মন্ত্রী' হিসেবে যোগদান করেন- ১৯৫৪ সালে।<br><u>মুসলিম শব্দ বাদ</u><br>• তাঁর নেতৃত্বে দল থেকে 'মুসলিম' শব্দটি বাদ দেওয়া হয়- ১৯৫৫ সালে।<br><u>৬ দফা উত্থাপন</u><br>• লাহোরে ছয় দফা দাবী উপস্থাপন করেন- ২৩ মার্চ, ১৯৬৬।<br><u>৭০ এর নির্বাচনে অংশগ্রহণ</u><br>• ১৯৭০ সালের জাতীয় ও প্রাদেশিক নির্বাচনে নিরঙ্কুশ জয়লাভ করেন।<br><u>৭ মার্চের ভাষণ প্রদান</u><br>• ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধু তৎকালীন রেসকোর্স ময়দানে বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে ঐতিহাসিক যুগান্তকারী ৭ মার্চের ভাষণ প্রদান করেন। |

| | |
|---|---|
| | গ্রেফতার<br>• ২৫ মার্চ, ১৯৭১ বঙ্গবন্ধুকে ধানমন্ডির ৩২ নম্বর বাসভবন থেকে গ্রেফতার করে ঢাকা সেনানিবাসে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে পাকিস্তানের ফয়সালাবাদ (লায়ালপুর) জেলে নিয়ে যাওয়া হয়। পরবর্তীতে ৩ ডিসেম্বর বঙ্গবন্ধুকে লায়ালপুর থেকে 'মিয়ানওয়ালি কারাগারে' সরিয়ে নেয়া হয়।<br>স্বাধীনতা ঘোষণা<br>• ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাত শেষে ২৬ মার্চ প্রথম প্রহরে বঙ্গবন্ধু গ্রেফতারের পূর্বে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা করেন।<br>প্রথম রাষ্ট্রপতি ঘোষণা<br>• ১০ এপ্রিল অস্থায়ী সরকার ঘোষণা করা হলে জেলে থাকা বঙ্গবন্ধুকে অস্থায়ী সরকারের রাষ্ট্রপতি ঘোষণা করা হয়। |
| স্বদেশ প্রত্যাবর্তন | • ৮ জানুয়ারি, ১৯৭২ বঙ্গবন্ধু পাকিস্তান কারাগার থেকে মুক্তি পান।<br>• কারাগার থেকে মুক্তি পান- পাকিস্তানের করাচির মিয়ানওয়ালী থেকে।<br>• মুক্তি পেয়ে যান- লন্ডনে (অভ্যর্থনা জানায় ব্রিটিশ প্রধানমন্ত্রী এডওয়ার্ড হীথ)।<br>• বঙ্গবন্ধু কারাগার থেকে মুক্তি পেয়ে ইংল্যান্ড ও ভারত সফর করে ১০ জানুয়ারি স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন করেন।<br>• ১০ জানুয়ারিকে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস বলা হয়। |
| প্রধানমন্ত্রীর দায়িত্বগ্রহণ | • ১০ জানুয়ারি দেশে ফিরে ১২ জানুয়ারি বঙ্গবন্ধু প্রধান মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন।<br>• ১৯৭৩ সালে স্বাধীন দেশের ১ম নির্বাচন হলে আওয়ামী লীগ ৩০০ আসনের মধ্যে ১৯৩ আসন পেয়ে নিরঙ্কুশ জয়লাভ করলে তিনি পুনরায় প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। |
| মৃত্যু | • হত্যাকাণ্ডের স্বীকার হন- ১৫ আগস্ট, ১৯৭৫। |
| বঙ্গবন্ধুর খেতাব ও উপাধি | <br>**বঙ্গবন্ধু**<br>প্রদান করেন- তোফায়েল আহমেদ<br>প্রদান করা হয়- ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯<br>প্রদান করা হয়- সোহরাওয়ার্দী উদ্যানে<br><br>**জাতির জনক**<br>প্রদান করেন- আ.স.ম আব্দুর রব<br>প্রদান করা হয়- ৩ মার্চ, ১৯৭১<br>প্রদান করা হয়- পল্টন ময়দানে |

# জাতীয় চার নেতা

| | |
|---|---|
| <br>সৈয়দ নজরুল ইসলাম | • জন্ম- ১৯২৫ সালে (কিশোরগঞ্জ জেলায়)।<br>• বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি।<br>• বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন- ১০ এপ্রিল, ১৯৭১ থেকে ১৯৭২ সাল।<br>• **তাঁকে জেলে হত্যা করা হয়- ৩ নভেম্বর, ১৯৭৫।** |
| <br>তাজউদ্দীন আহমদ | • জন্ম- ১৯২৫ সালে (গাজীপুর জেলায়)।<br>• বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী।<br>• বাংলাদেশের প্রথম অর্থমন্ত্রী ছিলেন<br>• প্রথম জাতীয় বাজেট পেশ করেন।<br>• **তাঁকে জেলে হত্যা করা হয়- ৩ নভেম্বর, ১৯৭৫।** |
| <br>ক্যাপ্টেন মনসুর আলী | • জন্ম- ১৯১৯ সালে (সিরাজগঞ্জ জেলায়)।<br>• মুক্তিযুদ্ধকালীন মুজিবনগর সরকারের অর্থ, বাণিজ্য এবং শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন।<br>• বঙ্গবন্ধু কর্তৃক 'বাকশাল' প্রতিষ্ঠার পর তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রী হন।<br>• **তাঁকে জেলে হত্যা করা হয়- ৩ নভেম্বর, ১৯৭৫।** |
| <br>এএইচএম কামরুজ্জামান | • জন্ম- ১৯২৬ সালে; রাজশাহী (বর্তমান নাটোর জেলা)।<br>• বাংলাদেশের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন।<br>• মুজিবনগর সরকারের স্বরাষ্ট্র, সরবরাহ, ত্রাণ এবং পুনর্বাসন, কৃষি মন্ত্রণালয়ের দায়িত্ব তিনি পালন করেন।<br>• **তাঁকে জেলে হত্যা করা হয়- ৩ নভেম্বর, ১৯৭৫।** |


সৈয়দ নজরুল ইসলাম


তাজউদ্দীন আহমদ


ক্যাপ্টেন মনসুর আলী


এএইচএম কামরুজ্জামান

মুক্তিযুদ্ধের সংগঠক এই চার নেতাকে **১৯৭৫ সালের ৩ নভেম্বর রাতে ঢাকা কেন্দ্রীয় কারাগারের** ভেতরে নৃশংসভাবে হত্যা করা হয়। পুরান ঢাকার কেন্দ্রীয় কারাগারের যে সেলে এই জাতীয় চার নেতাকে হত্যা করা হয় সেই সেলকে **'জাতীয় চার নেতার কারা স্মৃতি জাদুঘর'** নামে জাতীয় জাদুঘরের শাখা জাদুঘর হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। বঙ্গবন্ধুও বিভিন্ন সময় কেন্দ্রীয় কারাগারের যে সকল সেলে বন্দী ছিলেন সেই সেলগুলিকে নিয়ে জাতীয় জাদুঘরের শাখা জাদুঘর হিসেবে **'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কারা স্মৃতি জাদুঘর'** করা হয়েছে।

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### বি সি এস

০১. নিচে উল্লেখিত কোন বইটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচনা করেননি? [DU খ' ১৩-১৪]
ক. কারাগারের রোজনামচা খ. অসমাপ্ত আত্মজীবনী
গ. কারাগারের চিঠি ঘ. আমার দেখা নয়া চীন

০২. কূটনৈতিক ক্ষেত্রে অবদানের জন্য গত ২০২০ সালে প্রবর্তিত পুরস্কারের নাম কী? (45 BCS)
ক. বঙ্গবন্ধু ডিপ্লোমেটিক অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স
খ. বঙ্গবন্ধু ডিপ্লোমেটিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড
গ. বাংলাদেশ ডিপ্লোমেটিক অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স
ঘ. বঙ্গবন্ধু ডিপ্লোমেটিক অ্যাওয়ার্ড

০৩. 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'- জাতির পিতা কবে এই ঘোষণা দেন? (44 BCS)
ক. ২৬ মার্চ, ১৯৭১ খ. ৭ মার্চ, ১৯৭১ গ. ৩ মার্চ, ১৯৭১ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭১

০৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' কে ইংরেজিতে অনুবাদ করেছেন? [DU ঘ' ২১-২২]
ক. আবদুল গাফ্ফার চৌধুরী খ. শামসুজ্জামান খান গ. ফকরুল আলম ঘ. বেবী মওদুদ

০৫. বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' কবে প্রথম প্রকাশিত হয়? [42 BCS]
ক. জুন, ২০১১ খ. জুলাই, ২০১১ গ. জুন, ২০১২ ঘ. জানুয়ারি, ২০১৩

০৬. বঙ্গবন্ধুকে কখন 'জুলিও কুরী' শান্তি পুরস্কার প্রদান করা হয়? [41 BCS]
ক. ২০ মে ১৯৭২ খ. ২১ মে ১৯৭২ গ. ২২ মে ১৯৭২ ঘ. ২৩ মে ১৯৭২
নোট: প্রদত্ত অপশনে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর হবে ২৩ মে, ১৯৭৩ সালে।

### মেডিকেল ভর্তি পরীক্ষা

০৭. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রমান কোন তারিখে পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে স্বাধীন বাংলাদেশ প্রত্যাবর্তন করেন? [MC 19-20]
ক. ৯ জানুয়ারি খ. ১২ জানুয়ারি গ. ১১ জানুয়ারি ঘ. ১০ জানুয়ারি

০৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে **"Poet of Politcs"** উপাধি দেয় কোন পত্রিকা? [MC 21-22; 39, 35 BCS]
ক. দি টাইমস খ. দি হিন্দু গ. দি শিকাগো পোস্ট ঘ. দি নিউজউইক

০৯. "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই ভাষণটি ১৯৭১ সালের কোন তারিখে প্রদান করেন? [MC 19-20]
ক. ৭ মার্চ খ. ৮ মার্চ গ. ৫ মার্চ ঘ. ৬ মার্চ

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

১০. বঙ্গবন্ধুর গ্রাম কোন নদীর তীরে অবস্থিত? [সোনালী ও জনতা ব্যাংক আইটি অফিসার-২০; ১৪তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৪]
ক. মধুমতি খ. বাইগার গ. কুমার ঘ. ভৈরব

১১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বপ্রথম কোন সালে গ্রেফতার হন? [চবি 'ডি' ১৭-১৮]
ক. ১৯৩৬ খ. ১৯৩৮ গ. ১৯৫২ ঘ. ১৯৬২

উত্তরমালা

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. গ | ২. খ | ৩. খ | ৪. গ | ৫. গ | ৬. * | ৭. ঘ | ৮. ঘ |
| ৯. ক | ১০. খ | ১১. খ | | | | | |

১২. বঙ্গবন্ধুর জেল জীবনের উপর রচিত বইয়ের নাম কি? [ববিপ্রবি 'ই'-১৯২০]
ক. ৫০৫৩ দিন খ. ৫০৫০ দিন গ. ৩০৫৩ দিন ঘ. ৩০৫০ দিন

১৩. 'অসমাপ্ত আত্মজীবনী'র প্রচ্ছদ এঁকেছেন কোন শিল্পী? [জাবি 'আই' ১৯-২০]
ক. সমর মজুমদার খ. কাইয়ুম চৌধুরী গ. শাহাবুদ্দীন আহমেদ ঘ. ধ্রুব এষ

১৪. বঙ্গবন্ধুর আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থের নাম কী? [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর সহকারি ব্যবস্থাপক ট্রেইনিং-২১/ পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট- ২০]
ক. আমি বিজয় দেখেছি খ. অসমাপ্ত আত্মজীবনী
গ. আমি শেখ মুজিব বলছি ঘ. কারাগারের রোজনামচা

১৫. 'কারাগারের রোজনামচা' রচনাটির নামকরণ করেন কে? [রাবি 'ই' ১৭-১৮]
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ. বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব
গ. শেখ হাসিনা ঘ. শেখ রেহানা

১৬. বঙ্গবন্ধ 'কারাগারের রোজনামচা' গ্রন্থে কোন সময়ের স্মৃতি লিপিবদ্ধ করেছেন? [জবি 'বি' ১৭-১৮]
ক. ১৯৬৯-১৯৭১ খ. ১৯৭০-১৯৭১ গ. ১৯৬৬-১৯৬৮ ঘ. ১৯৬২-১৯৬৮

১৭. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিবিজড়িত বেকার হোস্টেলের কত নম্বর কক্ষকে জাদুঘরে রূপান্তর করা হয়েছে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক- ১৮)
ক. ২৩ খ. ২২ গ. ২৫ ঘ. ২৪

১৮. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কখন জুলিও কুরি পুরস্কার লাভ করেন? [খুবি 'বি'. ১৯-২০/চবি 'বি' ১৮-১৯]
ক. ১০ অক্টোবর, ১৯৭২ খ. ৭ নভেম্বর, ১৯৭২
গ. ১৬ ডিসেম্বর, ১৯৭২ ঘ. ২৫ ডিসেম্বর, ১৯৭২
নোট: ১৯৭২ সালের ১০ অক্টোবর 'জুলিও কুরী' পদক প্রাপক হিসেবে বঙ্গবন্ধুর নাম ঘোষণা করা হয়। কিন্তু ২৩ মে, ১৯৭৩ সালে বঙ্গবন্ধুর হাতে পুরস্কারটি আনুষ্ঠানিকভাবে তুলে দেওয়া হয়।

১৯. 'বঙ্গবন্ধু স্মৃতিভবন' কোথায় অবস্থিত? [গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারি- ১৬]
ক. টুঙ্গিপাড়া খ. মেহেরপুর গ. কলকাতা ঘ. সাভার

২০. 'সিক্রেট ডকুমেন্টস অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দ্য নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' গ্রন্থে কত তারিখে গোয়েন্দা প্রতিবেদন সূচনা হয়? [জাবি 'আই' ১৮-১৯]
ক. ১৩ জানুয়ারি খ. ৭ মার্চ, ১৯৪৯
গ. ১৫ এপ্রিল, ১৯৫০ ঘ. ২১ ফেব্রুয়ারি, ১৯৫২

২১. ইউনেস্কো কবে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণকে বিশ্বের প্রামাণ্য ঐতিহ্য হিসেবে ঘোষণা করে? [জাবি 'আই'-১৯২০]
ক. ২০১৬ সালের ৩০ অক্টোবর খ. ২০১৭ সালের ৩০ অক্টোবর
গ. ২০১৬ সালের ৩০ মার্চ ঘ. ২০১৭ সালের ৩০ জানুয়ারি

২২. 'শোনো একটি মুজিবরের থেকে/লক্ষ মুজিবরের কণ্ঠস্বরের ধ্বনি-প্রতিধ্বনি'-গানটির কথা লিখেছেন- [জাবি 'সি'-১৯২০]
ক. আপেল মাহমুদ খ. অংশুমান রায়
গ. গৌরীপ্রসন্ন মজুমদার ঘ. গাজী মাজহারুল আনোয়ার

২৩. 'মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি'- গানটির গীতিকার কে? [জাবি 'সি' ১৯-২০]
ক. গোবিন্দ হালদার খ. দ্বিজেন্দ্রলাল রায় গ. গাফফার চৌধুরী ঘ. আপেল মাহমুদ

২৪. ৭ মার্চ ১৯৭১-এ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান----মিনিট ভাষণ দিয়েছেন। [বেরোবি 'বি' ১৬-১৭]
ক. ১৬ মিনিট খ. ১৮ মিনিট গ. ২০ মিনিট ঘ. ২২ মিনিট

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১২. গ | ১৩. ক | ১৪. ঘ | ১৫. ঘ | ১৬. গ | ১৭. ঘ | ১৮. ক | ১৯. গ |
| ২০. ক | ২১. খ | ২২. গ | ২৩. ক | ২৪. খ | | | |

# বাংলাদেশের জাতীয় বিষয়াবলি

জাতীয় সংগীত- আমার সোনার বাংলা (প্রথম ১০ চরণ)
জাতীয় স্লোগান- জয় বাংলা
জাতীয় ভাষা- বাংলা
জাতীয় পাখি- দোয়েল
জাতীয় ফুল- শাপলা
জাতীয় ফল- কাঁঠাল
জাতীয় বন- সুন্দরবন
জাতীয় বৃক্ষ- আম গাছ
জাতীয় মাছ- ইলিশ
জাতীয় পশু- রয়েল বেঙ্গল টাইগার
জাতীয় রাষ্ট্র ধর্ম- ইসলাম
জাতীয় পার্ক- শহিদ জিয়া শিশু পার্ক
জাতীয় উদ্যান- সোহ্‌রাওয়ার্দী উদ্যান
জাতীয় উৎসব- বাংলা নববর্ষ
জাতীয় মসজিদ- বায়তুল মোকার্‌রম
জাতীয় বিমান বন্দর- শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর
জাতীয় জাদুঘর- জাতীয় জাদুঘর, শাহবাগ ঢাকা
জাতীয় পতাকা- সবুজের মাঝে লাল বৃত্ত
জাতীয় কবি- কাজী নজরুল ইসলাম
জাতীয় খেলার মাঠ- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম
জাতীয় মন্দির- ঢাকেশ্বরী মন্দির
জাতীয় চিড়িয়াখানা- ঢাকা চিড়িয়াখানা, মিরপুর
জাতীয় খেলা- কাবাডি
জাতীয় স্মৃতিসৌধ- সম্মিলিত প্রয়াস, সাভার
জাতীয় ও স্বাধীনতা দিবস- ২৬ মার্চ
জাতীয় স্টেডিয়াম- বঙ্গবন্ধু স্টেডিয়াম
জাতীয় প্রতীক- উভয় পাশে ধানের শীষবেষ্টিত পানিতে ভাসমান জাতীয় ফুল শাপলা। তার মাথায় পাট গাছের পরস্পর সংযুক্ত তিনটি পাতা এবং উভয় পাশে দুটি করে তারকা।


**তুমি কি জানো।**

জাতীয় সংগীতের কথা বলা আছে সংবিধানের ৪ অনুচ্ছেদে।
রাষ্ট্রধর্ম ইসলামের কথা বলা আছে সংবিধানের ২ক অনুচ্ছেদে।



## জাতীয় পতাকা

- বর্তমান ডিজাইনার- পটুয়া কামরুল হাসান।
- মানচিত্র খচিত বাংলাদেশের জাতীয় পতাকার প্রথম ডিজাইনার- কুমিল্লার শিব নারায়ণ দাস।
- প্রথম উত্তোলন করা হয়- ২ মার্চ, ১৯৭১ সালে।
- প্রথম উত্তোলন করা হয় যে স্থানে- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের বটতলায়।
- প্রথম উত্তোলন করেন- তৎকালীন ছাত্র নেতা ডাকসু ভিপি আ.স.ম আবদুর রব।
- জাতীয় পতাকা দিবস পালন করা হয়- ২ মার্চ।
- জাতীয় সংগীতের সাথে প্রথম উত্তোলন করা হয়- ৩ মার্চ, ১৯৭১ সালে, পল্টন ময়দানে।
- বিদেশী মিশনে সর্বপ্রথম বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়- ১৯৭১ সালের ১৮ এপ্রিল, ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের রাজধানী কলকাতায় বাংলাদেশ মিশনে।
- বিদেশী মিশনে প্রথম পতাকা উত্তোলন করেন- এম হোসেন আলী।
- জাতীয় পতাকা দৈর্ঘ্য, প্রস্থ ও লাল বৃত্তের অনুপাত যথাক্রমে- ৫ ঃ ৩ ঃ ১।
- জাতীয় পতাকার বর্তমান রূপটি সরকারিভাবে গৃহীত হয়- ১৯৭২ সালের ১৭ জানুয়ারি।
- বাংলার মানচিত্র প্রথম এঁকেছিলেন- মেজর জেমস রেনেল।



মানচিত্র খচিত প্রথম পতাকা
ডিজাইনার শিব নারায়ণ দাস



বর্তমান জাতীয় পতাকা
ডিজাইনার কামরুল হাসান

## বাংলাদেশের জাতীয় প্রতীক


- রূপকার- পটুয়া কামরুল হাসান।
- বর্ণনা- বাংলাদেশের জাতীয় প্রতীকের উভয় পাশে ধানের শীষ বেষ্টিত পানিতে ভাসমান শাপলা ফুল। তার মাথায় পাট গাছের পরস্পর সংযুক্ত তিনটি পাতা এবং উভয় পাশে দুটো করে তারকা।



বাংলাদেশের জাতীয় প্রতীক

## জাতীয় সংসদ ভবন

- **অবস্থান-** ঢাকার শের-ই-বাংলা নগরে।
- **স্থপতি-** প্রখ্যাত মার্কিন স্থপতি- লুই আই কান।
- **নির্মাণ কাজ শুরু হয়-** ১৯৬১ সালে।
- **উদ্বোধন করা হয়-** ১৯৮২ সালে।
- **উদ্বোধন করেন-** তৎকালীন রাষ্ট্রপতি আবদুস সাত্তার।
- **সংসদ ভবন এলাকার আয়তন-** ২১৫ একর।
- **সংসদ ভবন সংলগ্ন লেকটির নাম-** ক্রিসেন্ট লেক।
- **বর্তমান সংসদ ভবনের পূর্বে পূর্ব বাংলার আইনসভা হিসেবে ব্যবহৃত হত-** ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল।
- **স্থাপত্য উৎকর্ষের জন্য আগা খান পুরস্কার লাভ করে-** ১৯৮৯ সালে।
- **বাংলাদেশের জাতীয় সংসদ-** এক কক্ষ বিশিষ্ট।
- **বাংলাদেশের জাতীয় সংসদের প্রতীক-** শাপলা ফুল।
- **এ পর্যন্ত বিদেশী রাষ্ট্রপ্রধান হিসেবে জাতীয় সংসদে বক্তৃতা করেছেন-** ২ জন।
  প্রথম- যুগোস্লোভিয়ার প্রেসিডেন্ট মার্শাল যোশেফ টিটো, ১৯৭৪
  দ্বিতীয়- ভারতের প্রেসিডেন্ট ভি ভি গিরি, ১৯৭৪।



**জাতীয় সংসদ ভবন**
**ডিজাইনার : এস্তোনিয়ায় জন্মগ্রহণকারী**
**মার্কিন নাগরিক লুই আই কান**

## বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রাম

- **ডিজাইনার-** এ এন সাহা।
- **বর্ণনা-** লাল রঙের বৃত্তের মাঝে হলুদ রঙের বাংলাদেশের মানচিত্র। বৃত্তের উপরের দিকে লেখা আছে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ', নিচে এবং উভয় পাশে দুটো করে তারকা।





**বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রাম**

## বাংলাদেশের জাতীয় স্মৃতিসৌধ

- অবস্থান- ঢাকায় সাভারের নবীনগরে।
- স্থপতি- সৈয়দ মঈনুল হোসেন।
- উচ্চতা- ১৫০ ফুট (৪৬.৫ মিটার)।
- অপর নাম- সম্মিলিত প্রয়াস।
- ভিত্তিপ্রস্থর স্থাপন করেন- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ১৯৭২ সালে।
- উদ্বোধন করেন- তৎকালীন প্রেসিডেন্ট হুসাইন মুহাম্মদ এরশাদ, ১৯৮২ সালে।
- গঠন- ৭টি ত্রিভুজ আকৃতির দেয়াল নিয়ে গঠিত হয়েছে। এই ৭টি দেয়াল আমাদের জাতীয় জীবনের সাতটি গুরুত্বপূর্ণ ঘটনাকে নির্দেশ করে।
  - ১৯৫২ সালের ভাষা আন্দোলন।
  - ১৯৫৪ এর যুক্তফ্রন্ট নির্বাচন।
  - ১৯৫৬ এর ইসলামী শাসনতন্ত্র আন্দোলন।
  - ১৯৬২ এর শিক্ষা আন্দোলন।
  - ১৯৬৬ এর ছয়দফা আন্দোলন।
  - ১৯৬৯ এর গণঅভ্যুত্থান।
  - ১৯৭১ এর মহান মুক্তিযুদ্ধ।

**ভুল নয় সঠিক তথ্য জানুন ঃ** বাজারের প্রচলিত বইগুলোতে স্মৃতিসৌধের ৭ টি স্তম্ভ নিয়ে বিভ্রান্তিমূলক তথ্য রয়েছে। প্রকৃত অর্থে স্মৃতিসৌধের ৭ টি স্তম্ভ উপরে উল্লেখিত ৭ টি ঘটনাকে নির্দেশ করে। *[তথ্যসূত্র : wikipedia, বাংলাপিডিয়া]*




বাংলাদেশের জাতীয় স্মৃতিসৌধ
১৯৭৮ সালে ৫৭ টি নকশার মধ্যে
সৈয়দ মইনুল হোসেনের বর্তমান নকশাটি গৃহীত হয়


মূল ফটক থেকে সৌধ পর্যন্ত পৌঁছাতে দীর্ঘপথ হাঁটতে হয়। এই পথে রয়েছে উঁচু-নিচু চত্বর যা স্বাধীনতা অর্জনে নানা চড়াই-উতরাই পার হওয়াকে নির্দেশ করে। এই পথের দুইপাশে রয়েছে গণকবর এবং মাঝখানে একটি কৃত্রিম জলাশয়। গণকবর স্মরণ করিয়ে দেয় শহিদের আত্মদান আর জলাশয় অশ্রুর প্রতীক। পুরো পথ লাল ইটের তৈরি যা রক্তের প্রতীক।

## বাংলাদেশের জাতীয় সংগীত

- **রচয়িতা ও সুরকার-** রবীন্দ্রনাথ ঠাকুর।
- **রচনার প্রেক্ষাপট-** ১৯০৫ সালের বঙ্গভঙ্গ।
- **রচনা কাল-** ১৯০৫ সাল, বাংলা ১৩১২ বঙ্গাব্দ।
- **গানটি প্রথম প্রকাশিত হয়-** বঙ্গদর্শন পত্রিকায়, ১৯০৫ সালে।
- **গানটি রবীন্দ্রনাথের যে গ্রন্থের অন্তর্ভুক্ত-** গীতবিতান গ্রন্থের স্বরবিতান অংশভুক্ত।
- **ইংরেজি অনুবাদ করেন-** সৈয়দ আলী আহসান।
- **সুর করেন-** বাউল গগণ হরকরার "আমি কোথায় পাব তারে, আমার মনের মানুষ যেরে" গানের সুরের অনুকরণে।
- **সর্বপ্রথম যে চলচ্চিত্রে গানটি ব্যবহার করা হয়-** ১৯৭০ সালে মুক্তিপ্রাপ্ত জহির রায়হানের 'জীবন থেকে নেয়া' চলচ্চিত্রে।
- **গানটিতে বিশেষভাবে প্রাধান্য পায়-** বাংলার প্রকৃতির কথা।
- **গানটির মোট চরণ রয়েছে-** ২৫ টি।
- **জাতীয় সংগীত হিসেবে বিবেচিত-** প্রথম ১০ চরণ।
- **কোন রাষ্ট্রীয় অনুষ্ঠানে বাজানো হয়-** প্রথম ৪ চরণ।



রবীন্দ্রনাথ ঠাকুর
বঙ্গভঙ্গের প্রেক্ষিতে ব্যথিত হৃদয়ে লিখেছিলেন "আমার সোনার বাংলা..."



গীতবিতান
গীতবিতান কাব্যগ্রন্থের স্বরবিতান অংশে রয়েছে আমাদের জাতীয় সংগীত

জাতীয় সংগীতের ইংরেজি অনুবাদক সৈয়দ আলী আহসানকে জাতীয় অধ্যাপক করা হয় ১৯৮৯ সালে। তাঁর কবর রয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে।

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. 'জয় বাংলা' জাতীয় স্লোগান হিসেবে ঘোষিত হয়- [DU খ ২১-২২]
ক. ২ মার্চ ২০২২ খ. ১ মার্চ ২০২২ গ. ৭ মার্চ ২০২২ ঘ. ২৬ মার্চ ২০২২

০২. বাংলাদেশের জাতীয় প্রতীকে নিচের যেগুলো রয়েছে-
ক. ধান, পান, শাপলা খ. ধান, পাট, শাপলা
গ. ধান, পান, পাট ঘ. পাট, পান, শাপলা

০৩. নিম্নের কোনটির স্থপতি লুই আই কান? [DU খ ১৭-১৮]
ক. শহিদ মিনার খ. হাইকোর্ট গ. বাংলাদেশের জাতীয় সংসদ ঘ. কার্জন হল

০৪. সাভারে জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে? [DU খ ১৬-১৭]
ক. সৈয়দ মঈনুল হোসেন খ. এফ আর খান গ. নিতুন কুন্ডু ঘ. হামিদুর রহমান

০৫. বাংলার মানচিত্র প্রথম কে এঁকেছিলেন? [DU ঘ ০৯-১০]
ক. জয়নুল আবেদীন খ. মেজর জেমস রেনেল
গ. কামরুল হাসান ঘ. ডব্লিউ এ এস ওডারল্যান্ড

০৬. বাংলাদেশের 'জাতীয় সংগীত' বিশ্বকবি রবীন্দ্রনাথের কোন কাব্য থেকে নেয়া হয়েছে? [DU গ ১০-১১]
ক. সোনার তরী খ. চৈতালী গ. বঙ্গমাতা ঘ. কোনটিই না

০৭. বাংলাদেশের জাতীয় সংগীতের ইংরেজি অনুবাদক- [DU খ ০৯-১০, ১৪-১৫]
ক. সিরাজুল ইসলাম খ. সৈয়দ আলী আহসান
গ. আনিসুজ্জামান ঘ. কবীর চৌধুরী

০৮. ২০১৪ সালে স্বাধীনতা দিবসে জাতীয় প্যারেড গ্রাউন্ডে কতজন জাতীয় সংগীত গেয়েছিল? [DU 'F' 15-16]
ক. ২ লক্ষ ৫৪ হাজার ৬৮১ জন খ. ২ লক্ষ ৫৫ হাজার ৮৬১ জন
গ. ২ লক্ষ ৫৪ হাজার ৮৬১ জন ঘ. ২ লক্ষ ৫৩ হাজার ৬৮১ জন

### বি সি এস

০৯. বাংলাদেশের জাতীয় প্রতীকে কয়টি তারকা আছে? (44 BCS)
ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি

১০. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মনোগ্রামে কয়টি তারকাচিহ্ন রয়েছে? [30 BCS/চবি-ঙ, ০৭-০৮]
ক. ৪ টি খ. ৬ টি গ. ৫ টি ঘ. ২ টি

১১. বাংলাদেশের জাতীয় ফল কোনটি? [30 BCS]
ক. আম খ. কাঁঠাল গ. কলা ঘ. পেঁপে

১২. বাংলাদেশে জাতীয় পশু কোনটি? [19 BCS]
ক. গরু খ. ছাগল গ. গয়াল ঘ. রয়েল বেঙ্গল টাইগার

১৩. বাংলাদেশের জাতীয় পাখি- [19 BCS]
ক. ময়না খ. কাক গ. শালিক ঘ. দোয়েল

১৪. কোন রাষ্ট্রীয় অনুষ্ঠানের জাতীয় সংগীতের কত চরণ বাজানো হয়? [36 BCS]
ক. প্রথম ১০ টি খ. প্রথম ৪ টি গ. প্রথম ৬ টি ঘ. প্রথম ৫ টি

১৫. বাংলাদেশের জাতীয় সংগীতে কোন বিষয়টি প্রধানভাবে আছে? [16 BCS]
ক. বাংলার প্রকৃতির কথা খ. বাংলার মানুষের কথা
গ. বাংলার ইতিহাসের কথা ঘ. বাংলার সংস্কৃতির কথা

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. ক | ২. খ | ৩. গ | ৪. ক | ৫. খ | ৬. ঘ | ৭. খ | ৮. ক |
| ৯. গ | ১০. ক | ১১. খ | ১২. ঘ | ১৩. ঘ | ১৪. খ | ১৫. ক | |

১৬. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে? [24, 16, 14 BCS]

ক. কামরুল হাসান
খ. জয়নুল আবেদীন
গ. হাশেম খান
ঘ. হামিদুর রহমান

১৭. কোন তারিখে বাংলাদেশের জাতীয় পতাকা সরকারিভাবে গৃহীত হয়? [36 BCS/DU গ' ০৯-১০]

ক. ১৭ই জানুয়ারি, ১৯৭২
খ. ১৬ই ডিসেম্বর, ১৯৭১
গ. ২৬শে মার্চ, ১৯৭১
ঘ. ১৭ই এপ্রিল, ১৯৭১

## মেডিকেল ভর্তি পরীক্ষা

১৮. বাংলাদেশের জাতীয় সংসদ ভবনের স্থপতি কে? [MC 19-20]

ক. লুই কান
খ. এফ আর খান
গ. মরিস জনসন
ঘ. রবিউল হোসেন

১৯. সর্বপ্রথম কোন বিদেশি মিশনে বাংলাদেশের পতাকা উত্তোলন করে? [MC 08-09]

ক. দিল্লি　খ. কলকাতা　গ. লন্ডন　ঘ. কাঠমুন্ডু

২০. রবীন্দ্রনাথ ঠাকুরের 'আমার সোনার বাংলা' কবিতায় কতটি চরণ বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে গৃহীত হয়েছে? [DU ঘ' ০৮-০৯, MC ০৫-০৬]

ক. প্রথম চারটি　খ. প্রথম নয়টি　গ. প্রথম দশটি　ঘ. প্রথম বারোটি

২১. বাংলাদেশের জাতীয় পতাকার মাপের অনুপাত কী? [MC 07-08, 11 BCS, 32 BCS]

ক. ১০ : ৬/৫ : ৩　খ. ১১ : ৭　গ. ৯ : ৫　ঘ. ১০.৫ : ৭.৫

## অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

২২. বাংলাদেশের রাষ্ট্রীয় প্রতীকের নকশা কে তৈরি করেন? [চবি 'E' 15-16]

ক. শিল্পাচার্য জয়নুল আবেদীন
খ. শিল্পী কাইয়ুম চৌধুরী
গ. মৃণাল হক
ঘ. শিল্পী কামরুল হাসান

২৩. বাংলাদেশ ছাড়া আর কোন দেশ রবীন্দ্রনাথ ঠাকুরের গান তাদের জাতীয় সংগীত হিসাবে নির্বাচিত করেছে? [সহকারী থানা শিক্ষা অফিসার, ০৯]

ক. ভূটান　খ. ভারত　গ. নেপাল　ঘ. শ্রীলঙ্কা

২৪. বাংলাদেশের জাতীয় সংগীত কোন সুরের অনুপ্রেরণায় রচিত? [জবি চ' ১৪-১৫]

ক. রামপ্রসাদী　খ. পাশ্চাত্য　গ. কীর্তন　ঘ. বাউল

২৫. বাংলাদেশের সামরিক সংগীতের রচয়িতা কে? [RU 'A' 14-15]

ক. রবীন্দ্রনাথ ঠাকুর
খ. কাজী নজরুল ইসলাম
গ. শামসুর রহমান
ঘ. জসীমউদ্দীন

২৬. জাতীয় পতাকা বিধি কোন সালে প্রণীত হয়? [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার, ০০]

ক. ১৯৭৩　খ. ১৯৯২　গ. ১৯৭২　ঘ. ১৯৭৫

২৭. বাংলাদেশে জাতীয় পতাকা দিবস কবে? [Islamic Bank Assistant Officer, 06]

ক. ২ মার্চ　খ. ৩ মার্চ　গ. ১৬ মার্চ　ঘ. ২৬ মার্চ

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৬. ক | ১৭. ক | ১৮. ক | ১৯. খ | ২০. গ | ২১. ক | ২২. ঘ | ২৩. খ |
| ২৪. ঘ | ২৫. খ | ২৬. গ | ২৭. ক | | | | |

# বাংলাদেশের জাতীয় দিবস

| তারিখ | দিবস |
|---|---|
| ১ জানুয়ারি | জাতীয় গ্রন্থ দিবস |
| ১০ জানুয়ারি | বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস |
| ১৯ জানুয়ারি | জাতীয় শিক্ষক দিবস |
| ২০ জানুয়ারি | শহিদ আসাদ দিবস |
| ২৪ জানুয়ারি | গণঅভ্যুত্থান দিবস |
| ১ ফেব্রুয়ারি | জাতীয় কবিতা দিবস |
| ২ ফেব্রুয়ারি | জাতীয় জনসংখ্যা দিবস |
| ১৪ ফেব্রুয়ারি | সুন্দরবন দিবস |
| ২১ ফেব্রুয়ারি | শহিদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস |
| ২২ ফেব্রুয়ারি | আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার দিবস |
| ২৫ ফেব্রুয়ারি | পিলখানা হত্যা দিবস |
| ২৮ ফেব্রুয়ারি | ডায়াবেটিক দিবস |
| ২ মার্চ | জাতীয় পতাকা দিবস |
| ১১ মার্চ | রাষ্ট্রভাষা দিবস |
| ১৯ মার্চ | স্বাধীনতা সশস্ত্র প্রতিরোধ দিবস |
| ২৬ মার্চ | স্বাধীনতা দিবস (জাতীয় দিবস) |
| ১৭ এপ্রিল | মুজিবনগর দিবস |
| ১৬ মে | ফারাক্কা লং মার্চ দিবস |
| ২৮ মে | নিরাপদ মাতৃত্ব দিবস |
| ২৩ জুন | পলাশী দিবস |
| ২৩ জুন | আওয়ামী লীগ প্রতিষ্ঠা দিবস |
| ৭ জুন | ছয় দফা দিবস |
| ১ জুলাই | ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস |
| ৩ জুলাই | জাতীয় জন্ম নিবন্ধন দিবস |
| ১৭ সেপ্টেম্বর | জাতীয় শিক্ষা দিবস |
| ২৪ সেপ্টেম্বর | মীনা দিবস |
| ১৫ অক্টোবর | ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস |
| ৩০ সেপ্টেম্বর | কন্যা শিশু দিবস |
| ১৬ অক্টোবর | বঙ্গভঙ্গ দিবস |
| ২২ অক্টোবর | জাতীয় নিরাপদ সড়ক দিবস |
| ৩ নভেম্বর | জেল হত্যা দিবস |
| ৪ নভেম্বর | সংবিধান দিবস |

| | |
|---|---|
| ৭ নভেম্বর | জাতীয় সংহতি ও বিপ্লব দিবস |
| ১০ নভেম্বর | শহিদ নূর হোসেন দিবস |
| ১৫ নভেম্বর (১ অগ্রহায়ণ) | জাতীয় কৃষি দিবস |
| ২১ নভেম্বর | সশস্ত্র বাহিনী দিবস |
| ৩০ নভেম্বর | জাতীয় আয়কর দিবস |
| ১ ডিসেম্বর | মুক্তিযোদ্ধা দিবস |
| ৬ ডিসেম্বর | স্বৈরাচার পতন দিবস |
| ৮ ডিসেম্বর | জাতীয় টীকা দিবস |
| ৯ ডিসেম্বর | বেগম রোকেয়া দিবস |
| ১২ ডিসেম্বর | স্মার্ট বাংলাদেশ দিবস |
| ১৪ ডিসেম্বর | শহিদ বুদ্ধিজীবী দিবস |
| ১৬ ডিসেম্বর | বিজয় দিবস |

## বঙ্গবন্ধুর স্মরণে পালিত ৭ দিবস

| | |
|---|---|
| ১ মার্চ | **জাতীয় বিমা দিবস**<br>• প্রেক্ষাপট- ১ মার্চ, ১৯৬০ বঙ্গবন্ধু আলফা ইন্সুরেন্স কোম্পানিতে যোগদান।<br>• ২০২০ সালে প্রথম দিবসটি পালিত হয়। |
| ৭ মার্চ | **জাতীয় ঐতিহাসিক দিবস**<br>• প্রেক্ষাপট- ৭ মার্চ, ১৯৭১ বঙ্গবন্ধু ঐতিহাসিক ভাষণ দেন।<br>• ২০২১ সালে প্রথম দিবসটি পালিত হয়। |
| ১৭ মার্চ | **জাতীয় শিশু দিবস**<br>• প্রেক্ষাপট- ১৭ মার্চ, ১৯২০ বঙ্গবন্ধু জন্মগ্রহণ করেন। |
| ৩ এপ্রিল | **জাতীয় চলচ্চিত্র দিবস**<br>• প্রেক্ষাপট- ৩ এপ্রিল, ১৯৫৭ বঙ্গবন্ধু প্রাদেশিক পরিষদে 'এফডিসি' গঠনের প্রস্তাব উত্থাপন করেন। |
| ৪ জুন | **জাতীয় চা দিবস**<br>• প্রেক্ষাপট- ৪ জুন, ১৯৫৭ বঙ্গবন্ধু প্রথম বাঙালি চেয়ারম্যান হিসেবে চা বোর্ডে যোগ দেন। |
| ৯ আগস্ট | **জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস**<br>• প্রেক্ষাপট- ৯ আগস্ট, ১৯৭৫ বঙ্গবন্ধু শেল অয়েল কোম্পানির কাছ থেকে ৪৫ লাখ পাউন্ডে পাঁচটি গ্যাসক্ষেত্র (তিতাস, বাখরাবাদ, হবিগঞ্জ, রশিদপুর ও কৈলাশটিলা) কিনে জাতীয়করণ করেন। |
| ১৫ আগস্ট | **জাতীয় শোক দিবস**<br>• প্রেক্ষাপট- ১৫ আগস্ট, ১৯৭৫ বঙ্গবন্ধুসহ সপরিবারে হত্যা করা হয়। |

## ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. বাংলাদেশের জাতীয় পতাকা দিবস কবে? [DU ঘ' ১৩-১৪]
ক. ২৪ এপ্রিল খ. ২ মার্চ গ. ২৬ মার্চ ঘ. ১৬ ডিসেম্বর

০২. কোন দিনটি বাংলাদেশের জাতীয় শিশু দিবস হিসাবে পরিচিত? [DU ঘ' ৯৭-৯৮/ববিপ্রবি ১২-১৩]
ক. ১১ জানুয়ারি খ. ৭ নভেম্বর গ. ২৬ মার্চ ঘ. ১৭ মার্চ

০৩. কোন দিনটিকে 'মুক্তিযোদ্ধা দিবস' ঘোষণা করা হয়েছে? [DU খ' ০৬-০৭]
ক. ৭ মার্চ খ. ২৬ মার্চ গ. ২৪ নভেম্বর ঘ. ১ ডিসেম্বর

০৪. রোকেয়া দিবস কোন তারিখে পালিত হয়? [DU খ' ০৮-০৯, ঘ' ৯৭-৯৮, ০৪-০৫]
ক. ৯ ডিসেম্বর খ. ১০ জানুয়ারি গ. ১৫ ফেব্রুয়ারি ঘ. ১০ এপ্রিল

## বি সি এস

০৫. প্রতিবছর কোন তারিখে বাংলাদেশ জাতীয় জনসংখ্যা দিবস পালন করা হয়? (42 BCS)
ক. ২ ফেব্রুয়ারি খ. ৮ ফেব্রুয়ারি গ. ৮ মার্চ ঘ. ৭ এপ্রিল

০৬. বাংলাদেশের জাতীয় দিবস কোনটি? [বাতিলকৃত 24 BCS, 33 BCS]
ক. ১৬ ডিসেম্বর খ. ২৬ মার্চ গ. ২১ ফেব্রুয়ারি ঘ. ৭ মার্চ

০৭. বাংলাদেশে শহিদ বুদ্ধিজীবী দিবস- [19, 11 BCS]
ক. ১৪ ডিসেম্বর খ. ১৬ ডিসেম্বর গ. ২১ ডিসেম্বর ঘ. ২৩ ডিসেম্বর

## অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

৮. শহিদ আসাদ দিবস পালিত হয় কবে? [রাবি-ব্যবস্থাপনা বিভাগ, ০৭-০৮/জাবি-মানবিক, ০৫-০৬]
ক. ১৫ জানুয়ারি খ. ২০ জানুয়ারি গ. ২৫ জানুয়ারি ঘ. ৩০ জানুয়ারি

০৯. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান দিবস কোনটি? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক, ১০]
ক. ২৪ জানুয়ারি খ. ১৫ ফেব্রুয়ারি গ. ২১ মার্চ ঘ. ২৫ মার্চ

১০. 'জাতীয় আয়কর দিবস' কবে পালিত হয়? [ঢাবি-ঘ, ০৯-১০/ইবি 'B' 15-16]
ক. ১৩ সেপ্টেম্বরখ. ১৪ সেপ্টেম্বর গ. ১৫ সেপ্টেম্বর ঘ. ১৬ সেপ্টেম্বর
*নোট: জাতীয় আয়কর দিবস ৩০ নভেম্বর।*

১১. জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস- [জবি-খ, ০৯-১০]
ক. ১২ নভেম্বর খ. ২০ অক্টোবর গ. ২০ সেপ্টেম্বর ঘ. ১৫ অক্টোবর

১২. বাংলাদেশ সশস্ত্র বাহিনী দিবস কোনটি? [রাবি-সামাজবিজ্ঞান, ০৫-০৬]
ক. ৩ নভেম্বর খ. ২১ নভেম্বর গ. ৭ নভেম্বর ঘ. ১০ নভেম্বর

১৩. জেলহত্যা দিবস কবে? [উপ-খাদ্য পরিদর্শক-১২]
ক. ১ ডিসেম্বর খ. ৬ জানুয়ারি গ. ৩ জানুয়ারি ঘ. ৩ নভেম্বর

১৪. জাতীয় কন্যা শিশু দিবস বাংলাদেশে কবে পালন করা হয়? [শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা, ০৩]
ক. ১ সেপ্টেম্বর খ. ১৫ সেপ্টেম্বর গ. ৩০ সেপ্টেম্বর ঘ. ৩১ সেপ্টেম্বর

১৫. জাতীয় সংহতি দিবস কোনটি? [ইসলামী ব্যাংক সহকারী অফিসার, ০৫]
ক. ১৬ ডিসেম্বর খ. ২৬ মার্চ গ. ১ বৈশাখ ঘ. ৭ নভেম্বর

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. খ | ২. ঘ | ৩. ঘ | ৪. ক | ৫. ক | ৬. খ | ৭. ক | ৮. খ |
| ৯. ক | ১০. * | ১১. খ | ১২. খ | ১৩. ঘ | ১৪. গ | ১৫. ঘ | |